দৈনিক
আমাদের সময়

03 SEP 2016
তারিখ ......
পৃষ্ঠা ...... কলাম ......

কমলগঞ্জের মাধবপুর উচ্চবিদ্যালয়

# শ্রেণিকক্ষ সংকটে বারান্দায় পাঠদান

**কমলগঞ্জ প্রতিনিধি ●**

মৌলভীবাজারের কমলগঞ্জ উপজেলার মাধবপুর উচ্চ বিদ্যালয়টি নানা সমস্যায় জর্জরিত। এই বিদ্যালয়ে শ্রেণিকক্ষের তীব্র সংকট। নেই প্রয়োজনীয় বেঞ্চ। বাধ্য হয়ে বিদ্যালয়ের বারান্দায় পাঠদান করা হচ্ছে শিক্ষার্থীদের। বিদ্যালয়টির ধারণক্ষমতা ৭শ হলেও বর্তমানে শিক্ষার্থীর সংখ্যা ১ হাজার ২৯৯ জন। বিদ্যালয়ে শিক্ষার্থীর সংখ্যা ধারণক্ষমতার চেয়ে বেশি থাকায় পাঠদানে মারাত্মক ব্যাঘাত ঘটছে। অনেক সময় ক্লাসে গাদাগাদি করে বসার কারণে অসুস্থও হয়ে পড়ে শিক্ষার্থীরা।জানা যায়, মাধবপুর বিদ্যালয়ে ১২টি শ্রেণিকক্ষ রয়েছে। এগুলো আয়তনে ছোট। শিক্ষার্থীর চেয়ে ডেস্ক ও বেঞ্চ কম থাকায় অনেকে দাঁড়িয়ে ক্লাস করছে। ষষ্ঠ, সপ্তম, অষ্টম ও দশম শ্রেণির কক্ষের বারান্দায় বেঞ্চে বসে পাঠ নিচ্ছে শিক্ষার্থীরা। একবার ক্লাসে ভিতরে, আরেকবার বারান্দায় আসা-যাওয়ার মধ্য দিয়ে পাঠ দিচ্ছেন শিক্ষক ও শিক্ষিকারা।

শিক্ষক পরিমল সিংহ ও রমা রানী রায় জানান, বসার জায়গা না থাকায় বারান্দায় পাঠ দেওয়া হচ্ছে। আর শ্রেণিকক্ষেও গাদাগাদি করে বসতে হচ্ছে শিক্ষার্থীদের। দশম শ্রেণির শিক্ষার্থী অভিষেক সিংহ বলে, ক্লাসে বসার জায়গা হয় না। এ ছাড়া ব্যস্ততম একটি সড়কের পাশে আমাদের স্কুল থাকায় সারাদিন গাড়ি চলাচলের প্রচণ্ড শব্দের কারণে পড়াশোনায় মনোযোগী হওয়া যায় না।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুস সোবহান বলেন, প্রতিদিন এক হাজারেরও বেশি ছাত্রছাত্রী বিদ্যালয়ে আসে। সব মিলিয়ে ১২টি কক্ষে আমরা তাদের বসার জায়গা করে দিতে পারি না। শ্রেণিকক্ষ সংকটে আমরা অসহায়। নতুন ভবন করা হলেও কোনো আসবাবপত্র দেওয়া হয়নি। এতে আরও সমস্যা হচ্ছে।

১৯৬৫ সালে বাঁশের তৈরি একটি ঘরে বিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম শুরু হয়। বর্তমানে রয়েছে দুটি দ্বিতল ভবন ও একটি টিনশেডের সেমিপাকা ঘর রয়েছে। এমপিওভুক্ত শিক্ষক আছেন ৯ জন, খণ্ডকালীন আরও ৪ জন।